

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।  
nageshwari.kurigram.gov.bd

স্মারক নং : ০৫.৪৭.৪৯৬১.০০০.০৪.০৩২.২২-২৯৪

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।  
০৫ এপ্রিল ২০২২ খ্রিঃ।

**রায়গঞ্জ ইউনিয়নের দামালগ্রাম মৌজা ও বামনডাঙ্গা ইউনিয়নের তেলিয়ানি/মালিয়ানি মৌজায় বিআইডব্লিউটিএ কর্তৃক দুধকুমার নদীর ড্রেজিংকৃত মাটি/বালু নিলাম বিক্রয়ের বিজ্ঞপ্তিঃ**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নাগেশ্বরী উপজেলাধীন রায়গঞ্জ ইউনিয়নের দামালগ্রাম মৌজা ও বামনডাঙ্গা ইউনিয়নের তেলিয়ানি/মালিয়ানি মৌজায় বিআইডব্লিউটিএ কর্তৃক দুধকুমার নদীর ড্রেজিংকৃত মাটি/বালু নিলামে প্রদত্ত শর্তসাপেক্ষে নিলাম ক্রয়ের নিমিত্ত ইচ্ছুক ব্যক্তি/ব্যবসায়ী/ঠিকাদার/প্রতিষ্ঠানের নিকট হতে বন্ধ খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে। দাখিলকৃত দর ১৩/০৪/২০২২ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে খোলা হবে। দরপত্র সংক্রান্ত তথ্যাদি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে অফিস চলাকালিন সময়ে জানা যাবে।


| ক্র:নং: | বিবরণ  | সরকারি গ্রহণযোগ্য মূল্য                                    |
|---------|--|--|
| ১       | রায়গঞ্জ ইউনিয়নের দামালগ্রাম মৌজায় বিআইডব্লিউটিএ কর্তৃক ড্রেজিংকৃত মাটি/বালু             | ৩,৮৭,০০০/- (তিন লক্ষ সাতাশ হাজার) টাকা                     |
| ২       | রায়গঞ্জ ইউনিয়নের দামালগ্রাম মৌজায় বিআইডব্লিউটিএ কর্তৃক ড্রেজিংকৃত মাটি/বালু             | ৬,৭৭,২৫০/- (ছয় লক্ষ সাতাত্তর হাজার দুইশত পঞ্চাশ) টাকা     |
| ৩       | বামনডাঙ্গা ইউনিয়নের তেলিয়ানি/ মালিয়ানি মৌজায় বিআইডব্লিউটিএ কর্তৃক ড্রেজিংকৃত মাটি/বালু | ২৫,৯৬,৭৭০/- (পঁচিশ লক্ষ ছিয়ানব্বই হাজার সাতশত সত্তর) টাকা |

**শর্তাবলী :-**

১। দরদাতাকে নিম্নবর্ণিত ছকে আবেদন করতে হবে।

| দরদাতার নাম ও ঠিকানা | দাখিলকৃত দর (কথায় ও অঙ্কে) | ব্যাংক ড্রাফটের বিবরণ (ব্যাংক ড্রাফট নম্বর, তারিখ, ব্যাংকের নাম, টাকার পরিমাণ।) |
|----------------------|-----------------------------|---|
|----------------------|-----------------------------|---|

- ২। দরপত্রদাতাকে দরপত্রের সাথে দরপত্রে উল্লিখিত দরের ২০% (শতকরা বিশ ভাগ) জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হতে ব্যাংক ড্রাফট-এর মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, নাগেশ্বরী-এর অনুকূলে জমা দিতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
- ৩। যার দরপত্র গৃহীত হবে, দরপত্র সংবাদ অবহিত হওয়ার ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে মোট দাখিলকৃত দরের উপর ৫% আয়কর এবং ১৫% ভ্যাট (মূল্য সংযোজন কর) অবশ্যই একই সঙ্গে পরিশোধ করতে হবে দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্তসহ পরবর্তী সর্বোচ্চ দরদাতার দর গৃহীত হবে।
- ৪। যার দরপত্র গৃহীত হবে সেই ব্যক্তি/প্রতিষ্ঠানের সাথে নিম্নস্বাক্ষরকারীর ৩০০/- (তিনশত) টাকা নন-জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদিত হবে।
- ৫। কার্যদেশ প্রাপ্তির ০৩(তিন) দিনের মধ্যে কাজ শুরু করতে হবে। অন্যথায় দরপত্র বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ৬। প্রাপ্ত দরপত্রের সর্বোচ্চ দর (সরকারি মূল্যের বেশি হলে) গ্রহণ করা হবে।
- ৭। দুই বা ততোধিক দরদাতার দর সর্বোচ্চ বা একই হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- ৮। কোন প্রকার ঘষা-মাজা, কাটা-কাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হবে না।
- ৯। চুক্তিপত্রের যেকোন শর্ত লংঘন করলে চুক্তি বাতিল বলে গণ্য হবে এবং জামানত বাজেয়াপ্ত করা হবে।
- ১০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১১। যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে এ দরপত্র আহ্বান করা হলো।

  
(নূর আহমেদ মাহুম)  
উপজেলা নির্বাহী অফিসার  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।

স্মারক নং : ০৫.৪৭.৪৯৬১.০০০.০৪.০৩২.২২- ২৯৪(৮০)

তারিখ : ২২ চৈত্র ১৪২৮ বঙ্গাব্দ।  
০৫ এপ্রিল ২০২২ খ্রিঃ।

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :-

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য, ২৫, কুড়িগ্রাম-১
২. জেলা প্রশাসক, কুড়িগ্রাম।
৩. পুলিশ সুপার, কুড়িগ্রাম।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, কুড়িগ্রাম।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), কুড়িগ্রাম।
৬. উপজেলা চেয়ারম্যান ..... কুড়িগ্রাম।
৭. উপজেলা নির্বাহী অফিসার ..... উপজেলা, জেলা- কুড়িগ্রাম।
৮. সহকারী কমিশনার (ভূমি), নাগেশ্বরী, কুড়িগ্রাম।
৯. উপজেলা প্রকৌশলী নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১০. অফিসার ইনচার্জ, নাগেশ্বরী/কচাকাটা থানা।
১১. সহকারী প্রোগ্রামার, নাগেশ্বরী, কুড়িগ্রাম (বিজ্ঞপ্তি উপজেলা ওয়েবসাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো)
১২. চেয়ারম্যান ..... ইউনিয়ন পরিষদ, নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১৩. সভাপতি/সম্পাদক, ..... নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১৪. .... ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, নাগেশ্বরী, কুড়িগ্রাম। মাইকদ্বারা বহল প্রচারের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
১৫. জনাব ..... নাগেশ্বরী, কুড়িগ্রাম।
১৬. অফিস নথি।

  
(নূর আহমেদ মাহুম)  
উপজেলা নির্বাহী অফিসার  
নাগেশ্বরী, কুড়িগ্রাম।